ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

**শর্তাবলীঃ**

০১। দরপত্রের খারেম উপরে স্পষ্টাক্ষরে ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) পরিবহন (লোডিং-আনলোডিংসহ) এর দরপত্র" কথাটি লিখতে হবে।

০২। দরপত্রে উদ্ধৃত দর ও মোট একক দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রের কোথাও ঘষামাজা, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড লাগানো যাবে না।

০৩। কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ০৩ (তিন) টি কর্মদিবসের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সহিত ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে (পাওয়ার ট্রান্সফরমার ট্রাক/ট্রেইলার যোগে পরিবহনের সময় স্থল ও জল পথে সকল প্রকার দূর্ঘটনা রিস্ককভারেজসহ) চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ, আয়কর সনদ এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে এবং বাপবিবোর্ডের তালিকাভুক্তি (যদি থাকে) তারও সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৫। দরপত্রের সাথে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতির কিংবা অন্য কোন সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বৈদ্যুতিক মালামাল পরিবহনের ন্যূনতম ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকার পরিবহন কাজের অভিজ্ঞতার প্রমাণক সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৬। ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) পরিবহনের সময় লোডিং-আনলোডিং বাবদ খরচ বাবদ দরদাতাকে বহন করতে হবে। উদ্ধৃত দর ছাড়া অতিরিক্ত কোন বিল প্রদান করা হবে না।

০৭। ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) পরিবহন (লোডিং-আনলোডিংসহ) এর সময় কোন ক্ষয়-ক্ষতি হলে বা হারিয়ে গেলে অথবা মেরামতের অযোগ্যরূপে বিনষ্ট হলে ক্ষতিপূরণ বাবদ অর্থ কার্যাদেশ প্রাপ্ত পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে।

০৮। বর্ণিত মালামাল সন্তোষজনক ভাবে গন্তব্যস্থলে পৌঁছানোর পর ও সংশ্লিষ্ট ষ্টোর হতে ইস্যু ও রিসিভ ভাউচারসহ বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৯। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। কার্যাদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে মালামাল পরিবহনের কাজ সম্পন্ন করতে হবে।

১১। যথাসময়ে বর্ণিত ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) পরিবহন (লোডিং-আনলোডিংসহ) করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১১। ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) পরিবহনের সময় ব্যবহার অনুপযোগী ব্রীজ/কালভার্ট পরিহার করে মালামাল পরিবহনের ব্যবস্থা নিতে হবে।

১৩। ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) (লোডিং-আনলোডিংসহ) পরিবহনের পূর্বে ভাল (বাহ্যিক) অবস্থায় বুঝে নিতে হবে এবং ভাল অবস্থায় সমিতিকে বুঝে দিতে হবে।

১৪। ০৫ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার (GS-44) পরিবহনের সময় কোন দূর্ঘটনা ঘটলে এবং এতে মালামাল বিনষ্ট হলে (যা মেরামতযোগ্য নহে) বাপবিবোর্ডের নিয়ম অনুযায়ী মূল্য পরিশোধ করতে হবে।

১৫। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে / ব্যাখ্যার প্রয়োজন হলে এই দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।

১৬। পাবনা পবিস-১ কোন কারন প্রদর্শন ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৭। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে অত্র পবিস ব্যবস্থাপনার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।